নির্বাচন অগ্রাধিকার

অতীব জরুরি

বাংলাদেশ

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৪৮৫ তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৭ / ০৭ ডিসেম্বর ২০২০

# পরিপত্র-৫

**বিষয়ঃ পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনী প্রতীক বরাদ্দ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে পৌরসভা সাধারণ নির্বাচন, পরিচালনার লক্ষ্যে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্ধারিত প্রতীক বরাদ্দের বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত নিম্নলিখিত নির্দেশাবলীর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলোঃ-

০২। **নির্ধারিত প্রতীকঃ** কোন পদের জন্য একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকলে প্রত্যেক প্রার্থী-

(ক) মেয়র পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে, তফসিল-২;
(খ) মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, তফসিল ৩;
(গ) সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল ৪; এবং
(ঘ) সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল ৫;

এ উল্লিখিত প্রতীকসমূহের মধ্য হতে তার পছন্দমত যে কোন একটি নির্বাচনি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করবেন:

তবে শর্ত থাকে যে, দফা (ক) এ উল্লিখিত মেয়র প্রার্থীকে তার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক উল্লেখ করতে হবে।

০৩। স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর তফসিল-২ এ মেয়র পদে নির্বাচনের রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর জন্য মোট ৪০(চল্লিশ)টি প্রতীক, তফসিল-৩ এ মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য ১২(বার) টি প্রতীক, তফসিল-৪ এ সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মোট ১০(দশ)টি প্রতীক এবং তফসিল-৫ এ সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য মোট ১২(বার)টি প্রতীক রয়েছে। প্রতীকগুলি নিম্নরূপঃ

## তফসিল-২

মেয়র পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। সিংহ | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

তফসিল-৩

মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। ইস্ত্রি | ৭। নারিকেল গাছ |
| ২। কম্পিউটার | ৮। বড়শি |
| ৩। ক্যারামবোর্ড | ৯। মোবাইল ফোন |
| ৪। চামচ | ১০। রেল ইঞ্জিন |
| ৫। জগ | ১১। হ্যাঙ্গার |
| ৬। টাই | ১২। হেলমেট |

তফসিল-৪

সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। অটোরিক্সা | ৬। টেলিফোন |
| ২। আনারস | ৭। দ্বিতল বাস |
| ৩। আংটি | ৮। বলপেন |
| ৪। চশমা | ৯। মেট্রোরেল |
| ৫। জবা ফুল | ১০। হারমোনিয়াম |

"তফসিল-৫

সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। উটপাখি | ৭। পাঞ্জাবি |
| ২। গাজর | ৮। পানির বোতল |
| ৩। টিউব লাইট | ৯। ফাইল কেবিনেট |
| ৪। টেবিল ল্যাম্প | ১০। ব্রিজ |
| ৫। ডালিম | ১১। ব্ল্যাক বোর্ড |
| ৬। টেঁড়শ | ১২। স্ক্রু ড্রাইভার। |

০৪। **অতিরিক্ত প্রতীকঃ** নির্ধারিত এই সকল প্রতীকের মধ্য হতে রিটার্নিং অফিসারকে প্রতীক বরাদ্দ করার ক্ষেত্রে যদি প্রার্থিতা প্রত্যাহারের পর মেয়র পদে স্বতন্ত্র প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর অধিক, সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এর অধিক এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর অধিক হয়, তাহলে প্রতীক বরাদ্দের জন্য আরও অতিরিক্ত প্রতীকের প্রয়োজন হবে। এরূপ পরিস্থিতি মোকাবেলার জন্য বিধিমালার ১৯ বিধির (৩) উপ-বিধি অনুসারে নির্বাচন কমিশন কর্তৃক মেয়র পদের জন্য, সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য ভিন্ন ভিন্ন তালিকা প্রণয়ন করা হবে। যা পরবর্তীতে আপনাকে পরিপত্রের মাধ্যমে অবহিত করা হবে।

০৫। **মেয়র পদের নির্বাচনি প্রতীকের সাধারণ তালিকাঃ** মেয়র পদে রাজনৈতিক দলের প্রার্থীদের জন্য তফসিল-২ এ বর্ণিত সংরক্ষিত প্রতীকের মধ্য হতে তার দলের জন্য সংরক্ষিত প্রতীক মনোনয়ন পত্রে উল্লেখ করতে হবে। মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর জন্য তফসিল-৩ এ বর্ণিত নির্ধারিত প্রতীকের তালিকায় সর্বমোট ১২টি প্রতীক রয়েছে। স্বতন্ত্র মেয়র প্রার্থীদের উল্লিখিত ১২ (বার)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর যে সকল পৌরসভার মেয়র পদে প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থীর সংখ্যা ১২ এ সীমাবদ্ধ থাকবে সেইক্ষেত্রে রিটার্নিং অফিসারকে মেয়র পদের স্বতন্ত্র প্রার্থীর জন্য নির্ধারিত তফসিল-৩ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে। ৪০ (চল্লিশ) টি নিবন্ধিত রাজনৈতিক দলের নাম ও সংরক্ষিত প্রতীকের তালিকা নিম্নে দেয়া হলোঃ

নিবন্ধিত রাজনৈতিক দলের নাম ও সংরক্ষিত প্রতীকের তালিকা

| ক্রমিক নং | নিবন্ধিত রাজনৈতিক দলের নাম | সংরক্ষিত প্রতীকের নাম |
|---|---|---|
| ১ | লিবারেল ডেমোক্রেটিক পার্টি — এল.ডি.পি | ছাতা |
| ২ | জাতীয় পার্টি - জেপি | বাইসাইকেল |
| ৩ | বাংলাদেশের সাম্যবাদী দল (এম.এল) | চাকা |

| ক্রমিক নং | নিবন্ধিত রাজনৈতিক দলের নাম | সংরক্ষিত প্রতীকের নাম |
|---|---|---|
| ৪ | কৃষক শ্রমিক জনতা লীগ | গামছা |
| ৫ | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | কাস্তে |
| ৬ | বাংলাদেশ আওয়ামী লীগ | নৌকা |
| ৭ | বাংলাদেশ জাতীয়তাবাদী দল - বি.এন.পি | ধানের শীষ |
| ৮ | গণতন্ত্রী পার্টি | কবুতর |
| ৯ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | কুঁড়েঘর |
| ১০ | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | হাতুড়ী |
| ১১ | বিকল্পধারা বাংলাদেশ | কুলা |
| ১২ | জাতীয় পার্টি | লাঙ্গল |
| ১৩ | জাতীয় সমাজতান্ত্রিক দল - জাসদ | মশাল |
| ১৪ | জাতীয় সমাজতান্ত্রিক দল - জেএসডি | তারা |
| ১৫ | জাকের পার্টি | গোলাপ ফুল |
| ১৬ | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল | মই |
| ১৭ | বাংলাদেশ জাতীয় পার্টি - বিজেপি | গরুর গাড়ী |
| ১৮ | বাংলাদেশ তরিকত ফেডারেশন | ফুলের মালা |
| ১৯ | বাংলাদেশ খেলাফত আন্দোলন | বটগাছ |
| ২০ | বাংলাদেশ মুসলিম লীগ | হারিকেন |
| ২১ | ন্যাশনাল পিপলস্ পার্টি | আম |
| ২২ | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | খেজুরগাছ |
| ২৩ | গণফোরাম | উদীয়মান সূর্য |
| ২৪ | গণফ্রন্ট | মাছ |
| ২৫ | প্রগতিশীল গণতান্ত্রিক দল | বাঘ |
| ২৬ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি - বাংলাদেশ ন্যাপ | গাভী |
| ২৭ | বাংলাদেশ জাতীয় পার্টি | কাঁঠাল |
| ২৮ | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | চেয়ার |
| ২৯ | বাংলাদেশ কল্যাণ পার্টি | হাতঘড়ি |
| ৩০ | ইসলামী ঐক্যজোট | মিনার |
| ৩১ | বাংলাদেশ খেলাফত মজলিস | রিক্সা |
| ৩২ | ইসলামী আন্দোলন বাংলাদেশ | হাতপাখা |
| ৩৩ | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | মোমবাতি |
| ৩৪ | জাতীয় গণতান্ত্রিক পার্টি- জাগপা | হুক্কা |
| ৩৫ | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | কোদাল |
| ৩৬ | খেলাফত মজলিস | দেওয়াল ঘড়ি |
| ৩৭ | বাংলাদেশ মুসলিম লীগ - বিএমএল | হাত (পাঞ্জা) |
| ৩৮ | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট (মুক্তিজোট) | ছড়ি |
| ৩৯ | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট - বিএনএফ | টেলিভিশন |
| ৪০ | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন- এনডিএম | সিংহ |
| ৪১ | বাংলাদেশ কংগ্রেস** | ডাব |

** রীট পিটিশন নং-১০৭৯৩/২০১৮ এর আদেশের আলোকে মাননীয় হাইকোর্টের ১৪ নভেম্বর ২০১৮ তারিখের আদেশে বাংলাদেশ কংগ্রেসকে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন প্রদান ও ডাব প্রতীক সংরক্ষণ করে নির্বাচন কমিশন হতে ১৭.০০.০০০০.০২৫.৫০.০৭৭.১৮-৬৩৪ স্মারকমূলে প্রজ্ঞাপন জারি করা হয়, যা ১২ মে ২০১৯ তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উল্লিখিত আদেশের আলোকে সংশ্লিষ্ট বিধিমালার তফসিল-২ এ ডাব প্রতীক অন্তর্ভুক্ত করতঃ বিধিমালায় সংশোধন আনয়নের জন্য আইন, বিচারও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ বিভাগে প্রেরণ করা হয়। তবে অদ্যাবধি লেজিসলেটিভ বিভাগ হতে ভেটিং সম্পন্ন করে এস.আর.ও আকারে জারি হয়নি।

০৬। **মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে নির্বাচনি প্রতীকের অতিরিক্ত তালিকাঃ** মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে যেইক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর উর্দ্ধে, সেইক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে যা পরবর্তীতে আপনাকে জানানো হবে।

০৭। **সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনি প্রতীকের সাধারণ তালিকাঃ** সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত প্রতীকের তফসিল-৪ এ বর্ণিত তালিকায় সর্বমোট ১০টি প্রতীক রয়েছে। সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের উল্লিখিত ১০ (বার)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর যে সমস্ত ওয়ার্ডে সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এ সীমাবদ্ধ থাকবে, সে সমস্ত ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত তফসিল-৪ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে।

০৮। **সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনী প্রতীকের অতিরিক্ত তালিকাঃ** সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য যে ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এর উর্দ্ধে, সে ক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে যা পরবর্তীতে আপনাকে জানানো হবে।

০৯। **সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনী প্রতীকের সাধারণ তালিকাঃ** সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য তফসিল-৫ এ বর্ণিত নির্ধারিত তালিকায় সর্বমোট ১২টি প্রতীক রয়েছে। সাধারণ আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের উল্লিখিত ১২ (বার)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে।প্রার্থিতা প্রত্যাহারের পর যে সমস্ত ওয়ার্ডে সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এ সীমাবদ্ধ থাকবে, সেই সমস্ত ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত তফসিল-৫ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে।

১০। **সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য নির্বাচনি প্রতীকের অতিরিক্ত তালিকাঃ** সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য যে ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর উর্দ্ধে, সে ক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে যা পরবর্তীতে আপনাকে জানানো হবে।

১১। **রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দকরণঃ** বিধিমালার ১৯ বিধির (২) উপ-বিধি অনুসারে যদি একই প্রতীকের জন্য একাধিক দাবীদার থাকে, তাহলে সেইক্ষেত্রে, যতদূর সম্ভব, প্রার্থীদের ইচ্ছা বিবেচনায় রেখে, রিটার্নিং অফিসার প্রতীক বরাদ্দ করবেন এবং প্রয়োজনবোধে তিনি এই কাজের জন্য লটারীর আশ্রয় গ্রহণ করতে পারবেন। এখানে উল্লেখ্য, প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **রিটার্নিং অফিসার প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখ অতিবাহিত হওয়ার অব্যবহিত পরবর্তী দিবসে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করবেন।** কোন অবস্থাতেই উল্লেখিত সময়ের পূর্বে কোন প্রার্থীকে প্রতীক বরাদ্দ করা যাবে না।

১২। **অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করাঃ** বিধিমালার তফসিলে নির্ধারিত প্রতীকগুলি বরাদ্দ করে নিঃশেষ করার পর রিটার্নিং অফিসারকে অতিরিক্ত প্রতীক বরাদ্দের কাজে হাত দিতে হবে। নির্ধারিত প্রতীক বরাদ্দ নিঃশেষ না করে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা যাবে না। কেননা সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে তফসিলে বর্ণিত নির্ধারিত প্রতীক এবং প্রার্থীর সংখ্যা সমান হলে বা সংখ্যা কম হলে নির্বাচন কমিশন তফসিলে বর্ণিত নির্ধারিত সংখ্যার প্রতীকগুলি ব্যালট পেপারে মুদ্রণ করবে। নির্ধারিত সংখ্যার বেশী প্রার্থী হলে কেবল অতিরিক্ত প্রতীক দ্বারা ব্যালট পেপার মুদ্রণ করা হবে। অতএব, অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে।

১৩। **প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুত ও প্রেরণঃ** মেয়র পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীকসহ এবং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য শুধুমাত্র প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রতীকসহ নির্ধারিত ফরমে ব্যালট পেপার ছাপানো হবে। সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের ব্যালট পেপারে প্রার্থীর নাম থাকবে না। সুতরাং প্রার্থীদের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে প্রতীক বরাদ্দ করার পর বরাদ্দকৃত প্রতীকসহ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুত করতে হবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম প্রস্তুতের সময় আপনি ফরম 'চ'-তে বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম (যেক্ষেত্রে একটি পদে একাধিক প্রার্থীর নাম একই হয়, সেক্ষেত্রে প্রার্থীর পিতার/স্বামীর নাম) এবং প্রত্যেক প্রার্থীর বরাদ্দকৃত প্রতীকের নাম সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক নির্ধারিত 'চ' ফরমে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নামের তালিকা প্রস্তুত করবেন। এক্ষেত্রে প্রার্থীদেরকে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা (বরাদ্দকৃত প্রতীকসহ) সরবরাহ করবেন এবং তাদের স্বাক্ষর নিবেন। প্রতীক বরাদ্দের পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুতের সাথে সাথেই নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন। **এক্ষেত্রে উল্লেখ্য যে, 'চ' ফরমের উপরে ডানদিকের কোনায় প্রত্যেক পদের বিপরীতে ভোটার সংখ্যা উল্লেখ করে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।**

১৪। যেহেতু, মেয়র পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক ব্যালট পেপার মুদ্রণ করতে হবে সেহেতু, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা প্রস্তুত ও প্রকাশের সাথে সাথেই তা সহকারী রিটার্নিং অফিসারের মাধ্যমে নির্বাচন কমিশন সচিবালয়ের ইন্ট্রানেটে সহকারী সচিব (ক্রয় ও মুদ্রণ) এর একাউন্টে (sas_proc) এবং উপ সচিব (নিঃপঃ-১) এর একাউন্টে (ds_eo1)প্রেরণ করে অবশ্যই টেলিফোনে নিশ্চিত করতে হবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা অবশ্যই প্রতীক বরাদ্দের পরের দিনের মধ্যে বিশেষ দূত মারফত প্রেরণ করতে হবে।

১৫। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো ।

০৭/১২/২০২০

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক

বিতরণ: ১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার ............................................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

২। অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৩.২০-৪৮৫

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৭ / ০৭ ডিসেম্বর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. কমিশনার, .....................................................(সংশ্লিষ্ট) বিভাগ
১১. পুলিশ কমিশনার, .............................................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, ..................................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...................................(সংশ্লিষ্ট) অঞ্চল
১৮. পুলিশ সুপার, ....................................................(সংশ্লিষ্ট)

১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ............................(সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. ............................................................................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. অফিসার-ইন-চার্জ, ......................................(সংশ্লিষ্ট) থানা।

07/12/2020

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৫২৫
Email: sasemc1@gmail.com